

২০২৬ সনে সরকারি হজযাত্রীদের জন্য হজ গাইড নিয়োগ বিজ্ঞপ্তি

২০২৬ সনে সরকারি মাধ্যমের হজযাত্রীদের জন্য হজ গাইড হিসেবে নিয়োগ পেতে আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। আগামী ১২ অক্টোবর ২০২৫ তারিখের মধ্যে শুধু অনলাইনে হজ পোর্টালের www.hajj.gov.bd/hajjguide লিংকে নির্ধারিত ফরম পূরণ করে আবেদন করা যাবে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে না। প্রয়োজনে ১৬১৩৬ নম্বরে ফোন করে হজ গাইড নিয়োগ সংক্রান্ত যেকোনো তথ্য জানা যাবে।

হজ গাইড নিয়োগের যোগ্যতা ও শর্তাবলি

১. ন্যূনতম একবার হজ পালন করেছেন এবং হজের আরকান-আহকাম, হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন-২০২১, হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা-২০২২, হজ প্যাকেজ ও গাইডলাইন, হজ বিষয়ে সৌদি আরবের বিধি-বিধান সম্পর্কে অবগত এবং হজের সফরে উদ্ভূত সমস্যা মোকাবেলায় পারদর্শী হতে হবে;
২. ন্যূনতম ৩২ বৎসর ও অনধিক ৬২ বৎসর বয়সি এবং শারীরিক ও মানসিকভাবে সামর্থ্যবান হতে হবে;
৩. স্নাতকোত্তর/স্নাতক/এইচএসসি/এসএসসি/সমমানের সনদ থাকতে হবে। তবে ইতোপূর্বে সুনাম ও দক্ষতার সাথে গাইড হিসেবে দায়িত্ব পালন করেছেন এমন ব্যক্তি অগ্রাধিকার পাবেন;
৪. প্রার্থীকে একই প্যাকেজভুক্ত ৪৬ জন (কম/বেশি) হজযাত্রী সংগ্রহ করতে হবে;
৫. হজ এজেন্সির স্বত্বাধিকারী/অংশীদার/এজেন্ট/মোনাঞ্জেম হজ গাইড হতে পারবেন না;
৬. শুদ্ধভাবে কোরআন তেলাওয়াতে দক্ষ হতে হবে;
৭. আরবি ভাষায় দক্ষ ব্যক্তিকে অগ্রাধিকার দেওয়া হবে। হজগাইডকে শরীয়ত ও সুন্নতের অনুসারী এবং বিনয়ী হতে হবে;
৮. প্রয়োজনীয় মোবাইল অ্যাপস ব্যবহারে পারদর্শীসহ আইটি জ্ঞান সম্পন্ন হতে হবে;
৯. সরকারি কর্মজীবীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং সাক্ষাৎকারের সময় এরূপ অনুমোদনের কপি দাখিল করতে হবে;
১০. প্রয়োজনীয় সংখ্যক হজযাত্রী সংগ্রহ, বিশুদ্ধ কোরআন তেলাওয়াতে সক্ষম, আরবি ভাষা ও হজের মাসয়ালা-মাসায়েলে দক্ষ ওমরাহ পালনকারী প্রার্থীর ক্ষেত্রে বিশেষ প্রয়োজনে হজ করার শর্ত শিথিলযোগ্য হবে;
১১. হজ পোর্টালে প্রার্থী নিজস্ব ইউজার আইডি হতে হজযাত্রী নিবন্ধন করবেন যা হজযাত্রী সংগ্রহের প্রমাণক হিসেবে গণ্য হবে;
১২. হজ ব্যবস্থাপনা কার্যক্রম ভিন্ন প্রকৃতির হওয়ায় নারী প্রার্থীদেরকে আবেদন করতে নিরুৎসাহিত করা হলো;
১৩. প্রার্থীকে শিক্ষাগত যোগ্যতার সনদসহ হজ গাইড নিয়োগ কমিটির সাক্ষাৎকারে উপস্থিত হতে হবে;
১৪. প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদেরকে আবশ্যিকভাবে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে;
১৫. ইতোপূর্বে হজ গাইড হিসেবে দায়িত্ব পালনে অবহেলা বা শৃঙ্খলা ভঙ্গের দায়ে অভিযুক্ত ব্যক্তির আবেদন বাতিল বলে গণ্য হবে;
১৬. অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে;
১৭. ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হজ গাইড নিয়োগ, নিয়ন্ত্রণ, শৃঙ্খলা ইত্যাদি বিষয়ে যেকোনো শর্ত আরোপ বা শিথিল করতে পারবে;
১৮. ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এ নিয়োগ প্রক্রিয়া যেকোন সময় বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে;
১৯. সাক্ষাৎকারে উপস্থিতির জন্য প্রার্থীগণ কোন প্রকার টিএ/ডিএ প্রাপ্য হবেন না।


২৯/০৭/২০২৫

মোঃ তফিকুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব

ফোন: +৮৮০২-৫৫১০০৮৯৯
e-mail: morahajsection@gmail.com